



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৫/০২/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ২৮ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ
২ জন মাদক ব্যবসায়ী গ্রেফতার



অদ্য ০৫/০২/২০২২ খ্রি. রাত্ৰী ০০.৩৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায়, পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ আবু ছাইয়ুম তালুকদার এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন ১৯ নং ওয়ার্ডস্থ বাংলাদেশ ব্যাংক মোড় সিংগার শো-রুমের সামনে চলাচলের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে নেশা জাতীয় মাদকদ্রব্য ২৮ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ আসামী ০১। মোঃ ফয়সালুর রহমান @ আকাশ (২২), পিতা- মৃত ঈমান আলী শেখ, মাতা- মাজেদা বেগম, সাং- মাসদার ছোট কবর স্থান, ওয়ার্ড নং- ০৭, থানা- ফয়তুল্লা, জেলা- নারায়নগঞ্জ এবং ০২। মোঃ সাগর মিয়া (২০), পিতা- মোঃ শাহিন মিয়া, মাতা- মোছাঃ মমতা বেগম, সাং- মধ্যপাড়া ইসলামপুর, থানা- সদর, জেলা- গাইবান্ধা-কে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

০৫.০২.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১